জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.৪৫.০০৩.১৮- ৪৩

তারিখ: ২৪ মাঘ, ১৪২৭
০৭ ফেব্রুয়ারী, ২০২১

## জেলা পরিষদের মালিকানাধীন গফরগাঁও মার্কেটের দোকান বরাদ্দের দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২১

### দরপত্র ফরম বিক্রয়, দাখিল ও খোলার সময়সূচী

এতদ্বারা আগ্রহী ব্যক্তিবর্গ/প্রকৃত ব্যবসায়ী/ব্যবসা প্রতিষ্ঠানের নিকট হতে '**জেলা পরিষদ গফরগাঁও মার্কেট এর নীচ তলা ও ১ম তলার ১১০টি** দোকান অফেরৎযোগ্য সাকূল্যে সেলামী গ্রহণপূর্বক বরাদ্দ দেয়ার নিমিত্তে জেলা পরিষদের নির্ধারিত ফরমে সিডিউল পূরণপূর্বক সীলমোহরকৃত খামে পৃথক পৃথকভাবে ১ম থেকে ৩য় পর্যায়ের দরপত্র আহ্বান করা যাচ্ছে।

(ক) **দরপত্র সিডিউলের মূল্য ঃ** প্রতিটি দোকানের জন্য (অফেরৎযোগ্য) ১,০০০/- (এক হাজার) ।

(খ) **দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থানঃ** জেলা প্রশাসকের কার্যালয় ,ময়মনসিংহ ও জেলা পরিষদ কার্যালয়, ময়মনসিংহ।
উপস্থিত দরদাতা/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

(গ) বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জানা যাবে। যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আংশিক/সম্পূর্ণ দরপত্র গ্রহণ/বর্জন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঘ) নিম্ন ঘোষিত যে কোন পর্যায়ে প্রত্যাশিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট দোকান এর সিডিউল আর বিক্রয় করা হবে না।

| পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২৪/০২/২০২১খ্রিঃ বিকাল: ৫:০০ ঘটিকা। | ২৫/০২/২০২১খ্রিঃ বেলা: ১.০০ ঘটিকা। | ২৫/০২/২০২১খ্রিঃ বিকাল: ৩.০০ ঘটিকা। |
| ২য় | ০৩/০৩/২০২১খ্রিঃ বিকাল: ৫:০০ ঘটিকা। | ০৪/০৩/২০২১খ্রিঃ বেলা: ১.০০ ঘটিকা। | ০৪/০৩/২০২১খ্রিঃ বিকাল: ৩.০০ ঘটিকা। |
| ৩য় | ১০/০৩/২০২১খ্রিঃ বিকাল: ৫:০০ ঘটিকা। | ১১/০৩/২০২১খ্রিঃ বেলা: ১.০০ ঘটিকা। | ১১/০৩/২০২১খ্রিঃ বিকাল: ৩.০০ ঘটিকা। |

বিশেষ দ্রষ্টব্য: দরপত্রের সঙ্গে উদ্ধৃত মূল্যের ১০০% সেলামীর অর্থ যেকোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ এর অনুকূলে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭/২/২১
(লীরা তরফদার)
সচিব
ও
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:)
জেলা পরিষদ, ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৬১০৭ (অফিস)
ফ্যাক্স: ০৯১-৬৬০৮১ (অফিস)
ই-মেইল: ceozpmym@gmail.com

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.৪৫.০০৩.১৮- ৪৩/১(৩৪)

তারিখ: ২৪ মাঘ, ১৪২৭
০৭ ফেব্রুয়ারী, ২০২১

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। পরিচালক, স্থানীয় সরকার,ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/ সি.এম.এম.ইউ, ময়মনসিংহ।
৯। উপজেলা নির্বাহি অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
১০। সদস্য ..........................................................(সকল), জেলা পরিষদ, ময়মনসিংহ।
১১। সম্পাদক, .........., ময়মনসিংহ/দৈনিক .........., ঢাকা। বিজ্ঞপ্তিটি আগামী ০৯/০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে (সরকারী ছুটির দিন ব্যতীত) আপনার বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পৃষ্ঠায় ৬"x৩ কলাম সাইজে ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০২ (দুই) কপি বিলসহ ঐ দিনই নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করবেন।
১২। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, ময়মনসিংহ।

৭/২/২১
প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## দোকান বরাদ্দের সাধারণ শর্তাবলী

১। প্রতিটি দোকানের জন্য আলাদা আলাদাভাবে দর দাতাকে দোকান বরাদ্দের দরপত্রের সঙ্গে উদ্ধৃত দরের সেলামীর মোট মূল্যের ১০০% টাকার বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহি কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ বরাবর অবশ্যই দাখিল করতে হবে।

২। দরপত্রের সঙ্গে সেলামীর ১০০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে ব্যর্থ হলে অথবা টাকা কম হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। দরপত্র দাতাকে সেলামীর/উদ্ধৃত দরের পরিমাণ অংকে ও কথায় দরপত্র ফরমের নির্ধারিত স্থানে পরিস্কারভাবে লিখতে হবে।

৪। দরপত্রের উদ্ধৃত দর উল্লেখে কোন অস্পষ্টতা/ওভার রাইটিং/ঘষামাজা/কাটাকাটি ইত্যাদি থাকিলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। দরপত্র দাখিলের দিবসে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই দরপত্র গ্রহণ করা হবে না।

৬। দরপত্রের নির্ধারিত স্থানে দরদাতাকে তার নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর অবশ্যই সম্পাদন পূর্বক দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৭। দরপত্র গ্রহণ কিংবা অনুমোদনের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। দোকান বরাদ্দ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে দোকান চালু করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। মার্কেটের স্বার্থে এ বিষয়ে কোন ওজর আপত্তি চলবে না।

৯। দোকান বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান তার ইচ্ছামত দোকানে হোটেল, রেস্তোরা, চা-স্টল, ওয়ার্কশপ, দাহ্য পদার্থের কিংবা অননুমোদিত পণ্যের ব্যবসা করতে পারবেন না।

১০। জেলা পরিষদের অনুমোদন ব্যতীত কোন দোকানের দখল অন্যের নিকট হস্তান্তর করা যাবে না। তবে হস্তান্তর ফি বাবদ (অফেরৎযোগ্য) দাতা ২৫,০০০/- (পঁচিশ হাজার) এবং গ্রহীতা কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জেলা পরিষদ তহবিলে জমা পূর্বক হস্তান্তরের আবেদন করলে জেলা পরিষদ কর্তৃপক্ষ বিবেচনা করবেন।

১১। ০৩ (তিন) মাসের অধিককাল কোন দোকান ভাড়া অপরিশোধিত অথবা জেলা পরিষদ তথা সরকারের কোন প্রয়োজনে কর্তৃপক্ষ যেকোন সময় উক্ত দোকান বরাদ্দ বাতিল এবং যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট পুনঃ বরাদ্দ প্রদান করতে পারবে।

১২। বিদ্যুৎ, পানি ইত্যাদি সংযোগ সংশ্লিষ্ট সংস্থা হতে দোকান বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিগণ সরাসরি গ্রহণ করবেন এবং যথারীতি বিল পরিশোধ করতে বাধ্য থাকবেন। জেলা পরিষদ এ বিষয়ে কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১৩। দোকান বরাদ্দ গ্রহীতা কোনক্রমেই দোকানের ভৌত অবকাঠামো পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন না। বরাদ্দকৃত দোকানের পজিশনের অতিরিক্ত স্থান/স্থাপনা ব্যবহার করতে পারবেন না।

১৪। দোকান বরাদ্দ পাপ্তির পর বরাদ্দ গ্রহীতাকে জেলা পরিষদের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদনের পর নির্মাণ কাজ সমাপ্ত হলে দোকানের দখল বুঝিয়ে দেয়া হবে। চুক্তিপত্র সম্পাদনের জন্য প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি চুক্তিপত্রের সাথে দাখিল করতে হবে।

১৫। প্রতি দোকানের মাসিক ভাড়া নীচতলায় ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) এবং ১ম তলায় ২০০০/-(দুই হাজার) টাকা। প্রতি ০৩ (তিন) বৎসর অন্তর অন্তর দোকানের ভাড়া ১০% হারে বৃদ্ধি করা হবে।

১৬। বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিগণ পরবর্তীতে জেলা পরিষদ কর্তৃক প্রদত্ত যেকোন শর্ত মানতে বাধ্য থাকবেন।

১৭। উদ্ধৃত সর্বোচ্চ দর সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ দোকান বরাদ্দ দিতে বাধ্য নন।

১৮। দোকানের মালিকানা সর্বদা দায়মুক্তভাবে জেলা পরিষদের থাকবে। কোন অবস্থাতেই বরাদ্দকৃত দোকানের বিপরীতে ব্যাংক কিংবা অর্থলগ্নী কোন প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করা যাবে না।

১৯। দরদাতার দর সন্তোষজনক না হলে জেলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রেখে দর যাচাইয়ের লক্ষ্যে পুনরায় দরপত্র আহ্বান করতে পারবে। এতে সর্বোচ্চ দরদাতার কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২০। দোকান বরাদ্দ গ্রহিতার জামানত হতে দোকান পরিচালনা বাবদ বাৎসরিক ২.৫% হারে সার্ভিস চার্জ কর্তন করা হবে। তাছাড়া দোকান পরিচালনা করতে অপারগতা/ব্যর্থ হলে দোকান বরাদ্দ গ্রহিতার জমাকৃত সেলামী হতে বাৎসরিক ২.৫% হারে সার্ভিস চার্জ কর্তনবাদে অবশিষ্ট সেলমী ফেরৎ প্রদান করা হবে।

২১। বরাদ্দ গ্রহীতাকে নিজ দায়িত্বে দোকানের চুনকাম, রংকরণ এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

২২। কর্তৃপক্ষ যেকোন/সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/১২/২৩

(লীরা তরফদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা:)
জেলা পরিষদ, ময়মনসিংহ।